# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৭৩৮১১/খুলনা-১১/ ২৬৪

তারিখ: ২০ কার্তিক ১৪৩২ / ০৫ নভেম্বর ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে খুলনা জেলার রূপসা উপজেলাধীন এ.বি.সি.ডি.এস হোসেনপুর দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার গোপনে পকেট কমিটি গঠণ করেছেন মর্মে মোঃ জাহিদুল ইসলাম অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

৫.১১.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৭৩৮১১/খুলনা-১১/

তারিখ: ২০ কার্তিক ১৪৩২ / ০৫ নভেম্বর ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, খুলনা;
২. জেলা শিক্ষা অফিসার, খুলনা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপসা, খুলনা;
৪. সভাপতি, এ.বি.সি.ডি.এস হোসেনপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর-আজগড়া, রূপসা, খুলনা;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, এ.বি.সি.ডি.এস হোসেনপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর-আজগড়া, রূপসা, খুলনা;
৬.জনাব মোঃ জাহিদুল ইসলাম (অভিযোগকারী), গ্রাম-শ্রীফলতলা, ডাকঘর-মৈশাঘুনী, রূপসা, খুলনা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০৫.১১.২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখ ঃ ২২/১০/২০২৫ ইং

বরাবর,

চেয়ারম্যান/রেজিস্ট্রার,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড,
বকশী বাজার, ঢাকা।

বিষয় ঃ নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে App.ID 224251173811 এর অনুমোদন বাতিল প্রসঙ্গে।

জনাব,

বিনীত প্রার্থনা এ যে, আমরা নিম্ন স্বাক্ষরকারী এ.বি.সি.ডি.এস.হোসেনপুর দাখিল মাদ্রাসা, উপজেলা-রূপসা, জেলা-খুলনা EIIN-117381 এর বর্তমান এডহক কমিটি, অভিভাবক ও এলাকাবাসি। আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, অত্র মাদ্রাসাটি ০৬(ছয়) গ্রামের মানুষের প্রাণের প্রতিষ্ঠান। বর্তমান ভারপ্রাপ্ত সুপার জনাব মোহাম্মদ গোলাম রব্বানী ও সহ শিক্ষক মোঃ মহাসিন আলম (শিক্ষক প্রতিনিধি) নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনকল্পে এডহক কমিটি কর্তৃক শুধুমাত্র ভোটার লিষ্টে স্বাক্ষর করে অনুমোদন করান বাকী সকল কার্যক্রম আমাদের অগোচরে হয়েছে (যেটি একমাত্র তাদের পকেট কমিটি)। ভারপ্রাপ্ত সুপার ও উক্ত সহকারী শিক্ষক কমিটি, অবিভাবক, এলাকাবাসী ও শিক্ষকদের বলেন বরখাস্তকৃত সুপার শেখ মোঃ শাহাবুদ্দীন হাই কোর্টে রীট করেছেন যার কারনে কমিটি গঠন হবে না অথচ গোপনে পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটি গঠন করে ১৬/১০/২০২৫ ইং তারিখ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে অনুমোদনের জন্য আবেদন করেন। বিষয়টি সর্বস্তরের লোকে জানার পর এলাকায় চরম উত্তেজনার সৃষ্টিসহ মাদ্রাসা প্রতিষ্ঠানে সাংঘর্ষিক পরিবেশ চলমান। যাহা সরেজমিনে তদন্তপূর্বক উক্ত কমিটি বাতিল করার জন্য সবিনয় আবেদন করিতেছি।

অতএব, উক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণে জনাবের একান্ত মর্জি হয়।

বিনীত,

| অভিভাবক, এলাকাবাসী ও শিক্ষক মন্ডলীর পক্ষে : | স্বাক্ষর | ভোটার নম্বর ঃ | মোবাইল নম্বর ঃ |
|---|---|---|---|
| মোঃ জাহিদুল ইসলাম – | মোঃ জাহিদুল ইসলাম | ৪৪ – | ০১৯২২-৩১৯৯২৫ |

Scanned with CamScanner